

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ৬২২.২০১৭- ৩০১৬

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২৫
৪ জুন ২০১৮


বিষয় : রীট পিটিশন নং- ১৮৪৭৪/২০১৭ [পিটিশনার জনাব মোঃ মনিরুল ইসলাম, পিতা- শহীদুল ইসলাম, গ্রাম- প্রাসাদপুর, ডাকঘর- খলিল নগর, থানা- তালা, জেলা- সাতক্ষীরা সহ মোট ১০০ (একশ) জন- বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ১৯.৩.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের নবসৃজিত “হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর” পদে পিটিশনারগণকে চাকুরী প্রদান ও রাজস্বখাতে নিয়মিতকরণের নির্দেশনা চেয়ে ১০০ (একশ) জন পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ২৩ (তেইশ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করেছেন। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। অপরাপর প্রতিপক্ষ হলেন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; সচিব, তথ্য-প্রযুক্তি মন্ত্রণালয়; সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সহ ১৮ জেলার জেলা প্রশাসকগণ। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজির আলোকে সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তি : রুলের কপি।


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

ফোনঃ+৮৮(০২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

বরাবর,

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা/কুমিল্লা/কুষ্টিয়া/নড়াইল/ সিলেট/ খুলনা/বরিশাল/পঞ্চগড়/পটুয়াখালী/ ঠাকুরগাঁও/বাগেরহাট/কিশোরগঞ্জ/কুড়িগ্রাম/নারায়নগঞ্জ/সিরাজগঞ্জ/জয়পুরহাট/শরীয়তপুর/মাদারীপুর।
২. সিনিয়র সহকারী সচিব (ইপ-২), স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি:

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (ইপ), স্থানীয় সরকার বিভাগ।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার